## লাইট হাউস

অমিত মুখোপাধ্যায়

প্রাচীন সমুদ্রতটে একা জেগে থেকে লাইট সাউস।
তার দিগ্‌দর্শী ছুঁয়ে যায় নীলল দুরন্ত কেউ
আর নিশ্চিত ভ্রমণে যায় নবীন জাহাজ।
গত পরশু সে দিক ভুল করেছিল
অকাল ঘূর্ণিঝড়ে উথাল পাতাল।
তারপর কাল এই লাইট হাউসের আলোতেই
কেমন করে সে বন্দরের পথ খুঁজে পেলো,
...সবই তো ম্যাজিক।
এখন জাহাজটির পাশে খেলা করে ডলফিন,
জীবনের বর্ণ, গন্ধ নিয়ে উড়ে যায় উড়ুক্কু মাছ,
শঙ্খচিলের গানে চন্দ্রাতপ ফিরে আসে।
দূর থেকে লাইট সাউস শুধু দীপ্ত দিশাই পাঠায়
আবেশে, সংযমে।
অন্ধকার ভেঙে চিরন্তন বন্দরেই যেতে হবে বলে
জাহাজ, সে শুধু যায়, যায়
এই প্রাচীন তটে আর কখনও ভেড়ে না।

## চারাগাছ — পোড়ো বাড়ি

তাপস কুমার চক্রবর্তী

দেওয়ালে ম্লান ছবিগুলো
কেউ ঝাড়ে না ঝুল —
পোড়ো বাড়ি, পোড়ো বাড়ি
পুরোন বিলকুল।

ফিসফিসিয়ে ছড়ায় কারা —
মাড়াসনে ওধার
আছে তো দ্যাখ দু-খানা নতুন —
ঝকমকে চার ধার

দুটো বাড়িই ডাকে তোমায় —
আয় আয়, চলে আয়
আসলে যে ভূতের ডেরা
কে জানত হায় হায়।

আরে বাপরে। নতুন বাড়ি
হরেক ভূতের নৃত্য,
সুখের খোঁজে এসে এবার
হলেম ভূতের ভৃত্য।
প্রাণে যদি পালিয়ে বাঁচো
কোথায় যাবে এবার?
আগে ভালো, বাঁচলে তবে
সময় পাবে ভাবার।
সবাই মিলে পোড়ো বাড়িই
সাফ-সুতরো করে
রং ফিরিয়ে ভালোবাসার
ঘরটি তোলো গড়ে।